

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ৬, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ০৪ নভেম্বর ২০০৪/২০ কার্তিক ১৪১১

এস, আর, ও নং ৩১৪-আইন/২০০৪।—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ordinance No. XL1 of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ০৫-১১-২০০৩ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩১২ আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানী লিঃ, যমুনা অয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, এল পি গ্যাস লিঃ, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ, ইষ্টার্ন লুব্রিকেন্টস রিফাইনারী লিঃ এবং ইষ্টার্ন রিফাইনারী লিঃ, এর সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং প্রজ্ঞাপন এস, আর, ও নং ১০৮ আইন/২০০৪ তারিখ ২২ এপ্রিল ২০০৪ এবং উহার সহিত পঠিতব্য এস, আর, ও নং ১৩৮ তারিখ ২৬-০৫-২০০৪ দ্বারা উক্ত Ordinance এর প্রযোজ্যতা বৃদ্ধি করা হইয়াছে যাহার মেয়াদ আগামী ০৪-১১-২০০৪ তারিখে শেষ হইবে : এবং

যেহেতু বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানী লিঃ, যমুনা অয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, এল পি গ্যাস লিঃ, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ, ইষ্টার্ন লুব্রিকেন্টস রিফাইনারী লিঃ এবং ইষ্টার্ন রিফাইনারী লিঃ, এর সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে :

(৭১৩৫)

মূল্য : টাকা ১.০০

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) এ প্রদত্ত ফর্মতাবলে, সরকার এতদ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানী লিঃ, যমুনা অয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, এল পি গ্যাস লিঃ, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ, ইষ্টার্ন লুব্রিকেন্টস রেন্টার্স লিঃ এবং ইষ্টার্ন রিফাইনারী লিঃ, এর সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আগামী ০৫-১১-২০০৪ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার
উপ-সচিব।

মোঃ নূর-নবী, উপ-নিয়ন্ত্রক (উপ-সচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।